

আল-লুলু ওয়াল মারজান

হাদিস নাম্বারঃ ৭৫৬

১৫/ হজ্জ (كتاب الحج)

পরিচ্ছেদঃ ১৫/১৭. ইহরামের প্রকারভেদ, আর তা হজ্জে ইফরাদ এবং তামাত্র এবং ক্রিয়ান এবং হজ্জ ও উমরাহকে যুক্ত করা বৈধ এবং হজ্জ কারণে আদায়কারী কখন তার ইহরাম থেকে হালাল হবে।

بيان وجوه الإحرام وأنه يجوز إفراد الحج والتمتع والقرآن وجواز إدخال الحج على
العمرة، ومتي يحل القارن من نسكه

আরবী

حَدِيث عَائِشَةَ، قَالَتْ: خَرَجْنَا مَعَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فِي حَجَّةِ الْوَدَاعِ، فَمِنَّا مَنْ أَهْلَ بِعُمْرَةٍ، وَمِنَّا مَنْ أَهْلَ بِحَجَّ، فَقَدِمْنَا مَكَّةَ، فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: مَنْ أَحْرَمَ بِعُمْرَةٍ وَلَمْ يُهْدِ فَلِيُحْلِلْ، وَمَنْ أَحْرَمَ بِعُمْرَةٍ وَأَهْدَى فَلَا يَحِلُّ حَتَّى يَحِلَّ بِنَحْرِ هَدِيهِ، وَمَنْ أَهْلَ بِحَجَّ فَلِيُتِمِّ حَجَّهُ قَالَتْ: فَحِضْنَتُ فَلَمْ أَزَلْ حَائِضًا حَتَّى كَانَ يَوْمُ عَرَفَةَ وَلَمْ أُهْلِلْ إِلَّا بِعُمْرَةٍ، فَأَمْرَنِي النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ أَنْ أَنْقُضَ رَأْسِيِّ وَأَمْتَشِطِي وَأَهْلَ بِحَجَّ، وَأَنْرُكَ الْعُمْرَةَ، فَفَعَلْتُ ذَلِكَ حَتَّى قَضَيْتُ حَجِّي؛ فَبَعْثَتْ مَعِي عَبْدَ الرَّحْمَنِ بْنَ أَبِي بَكْرٍ، وَأَمْرَنِي أَنْ أَعْتَمِرَ، مَكَانَ عُمْرَتِي، مِنَ التَّنْعِيمِ

বাংলা

৭৫৬. 'আয়িশাহ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেনঃ আমরা আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সঙ্গে বিদায় হজ্জের সময় বের হয়েছিলাম। আমাদের কেউ ইহরাম বেঁধেছিল উমরার আর কেউ বেঁধেছিল হজ্জের। আমরা মকায় এসে পৌছলে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ যারা উমরার ইহরাম বেঁধেছে। কিন্তু কুরবানীর পশু সাথে আনেনি, তারা যেন ইহরাম খুলে ফেলে। আর যারা উমরার ইহরাম বেঁধেছে ও কুরবানীর পশু সাথে এনেছে, তারা যেন কুরবানী করা পর্যন্ত ইহরাম না খোলে। আর যারা হজ্জের ইহরাম বেঁধেছে তারা যেন হাজ্জ পূর্ণ করে।

আয়িশাহ (রাঃ) বলেন অতঃপর আমার হায়ম শুরু হয় এবং আরাফার দিনেও তা বহাল থাকে। আমি শুধু উমরার ইহরাম বেঁধেছিলাম। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে মাথার বেণী খোলার, চুল আঁচড়িয়ে নেয়ার এবং উমরাহর ইহরাম ছেড়ে হজ্জের ইহরাম বাধার নির্দেশ দিলেন। আমি তাই করলাম। পরে হাজ্জ সমাধান করলাম। অতঃপর 'আবদুর রহমান ইবনু আবূ বকর (রাঃ)-কে আমার সাথে পাঠালেন। তিনি আমাকে তানঙ্গ হতে আমার

পূর্বের পরিত্যক্ত উমরার পরিবর্তে উমরাহ পালনের অদেশ করলেন।

ফুটনোট

সহীল বুখারী, পর্ব ৬: হায়য, অধ্যায় ১৮, হাঃ ৩১৯; মুসলিম, পর্ব ১৫: হাজ্জ, অধ্যায় ১৭, হাঃ ১২১১

হাদিসের মান: **সহিহ (Sahih)** পুঁঁচিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন □ বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবু বাকর সিন্দীক (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=83984>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন